ইউরো কাপ ২০২৪ গ্রুপ অফ ডেথ

বছর শেষ হওয়ার আগে বেজে উঠেছে ইউরো কাপ-২০২৪-এর দামামা। এবারের আসরের আয়োজক দেশ জার্মানি। আর এই আয়োজক দেশেই গত পরশু অনুষ্ঠিত হয়ে গিয়েছে ২০২৪ ইউরো কাপের ড্র।

যেখানে মোট ২১টা দলকে রাখা হয়েছে ছয়টা গ্রুপে। এছাড়া এখন জায়গা রয়েছে তিনটা দলের জন্য। আগামী বছরের জুন ও জুলাই মাসে অনুষ্ঠিত হবে ইউরোপের মর্যাদার এই লড়াইটি।

শনিবার জার্মানির হামবুর্গে বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয় আসন্ন ইউরোর ড্র। সেখান থেকেই ড্র-এর মাধ্যমে ছয়টি গ্রুপে ভাগ করা হয়। গ্রুপ বিন্যাসের পর দেখা যায় অপেক্ষাকৃত সহজ গ্রুপেই পড়েছে আয়োজক জার্মানি। তারা রয়েছে ‘এ’ গ্রুপে। স্বাগতিকদের পাশাপাশি এই গ্রুপে রয়েছে স্কটল্যান্ড, হাঙ্গেরি ও সুইজারল্যান্ড। এছাড়া ড্রতে তুলনামূলক কঠিন গ্রুপ পেয়েছে ফ্রান্স।

সর্বশেষ দুটি ফিফা বিশ্বকাপের ফাইনাল খেলা ফ্রান্স ‘ডি’ গ্রুপে রয়েছে। তারা তাদের গ্রুপে পেয়েছে নেদারল্যান্ডস ও অস্ট্রিয়াকে। প্লে-অফ থেকে একসঙ্গে যোগ দেবে পোল্যান্ড, ওয়েলস, ফিনল্যান্ড বা এস্তোনিয়ার যে কোনো একটি দল।

তবে এই আসরের মূল নজর থাকবে গ্রুপ ‘বি’ এর ওপর। এটিকে গ্রুপ অফ ডেথও বলা যেতে পারে। স্পেন, ক্রোয়েশিয়া, ইতালি এবং আলবানিয়া রয়েছে এই গ্রুপে। টানা দুবার বিশ্বকাপের যোগ্যতা অর্জন করতে পারেনি ইতালি। যদিও ইউরো কাপে তাদের পারফরম্যান্স ভালো। সবশেষ আসরের শিরোপা জেতা দলও তারা।

যদিও প্রবল চ্যালেঞ্জের সামনে পড়তে হবে তাদের। রয়েছে স্পেন ও ক্রোয়েশিয়ার মতো ধারাবাহিক ও শক্তিশালী দল।

২০২০ ইউরোর রানার্সআপ দল ইংল্যান্ড রয়েছে গ্রুপ ‘সি’ তে। তারাও রয়েছে তুলনামূলক সহজ গ্রুপে। তাদের প্রতিপক্ষ হিসেবে রয়েছে ডেনমার্ক, স্লোভেনিয়া ও সার্বিয়াকে।

এছাড়া সহজ গ্রুপ পেয়েছে ক্রিশ্চিয়ানো রোনালদোদের দল পর্তুগালও। ‘এফ’ গ্রুপে পর্তুগিজদের সঙ্গী তুরস্ক ও চেক

রিপাবলিক। সঙ্গে প্লে-অফ থেকে এসে যোগ দেবে জর্জিয়া, গ্রিস, কাজাখস্তান ও লুক্সেমবার্গের মধ্যে যে কোনো একটি দল।

প্লে-অফ থেকে যে তিনটি দল ইউরোয় জায়গা করে নেবে, তাদের একটি যাবে গ্রুপ ‘ই’তে। এই গ্রুপে আছে বেলজিয়াম, স্লোভাকিয়া ও রোমানিয়া। তাদের সঙ্গে যুক্ত হবে প্লেঅফের ইসরাইল, বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা, ইউক্রেন ও আইসল্যান্ডের যে কোনো এক দল।

এদিকে সম্প্রতি উয়েফার পক্ষ থেকে ইউরোর পুরস্কার মূল্যের ঘোষণা করা হয়। এই টুর্নামেন্টে মোট পুরস্কার মূল্য ৩৩১ মিলিয়ন ইউরো। গতবারও একই ছিল। জয়ী দল পাবে ২৮.২৫ মিলিয়ন ইউরো।

কোয়ার্টার ফাইনালে প্রবেশ করা আটটা দল পাবে ২.৫ মিলিয়ন ইউরো করে। সেখান থেকে সেমিফাইনালে যে চারটে দল প্রবেশ করবে তারা পাবে ৪ মিলিয়ন ইউরো করে। সেমিফাইনালে জয়ী দুটো পাবে অতিরিক্ত ৮ মিলিয়ন ইউরো। ফাইনালে রানার্স আপ পাবে অতিরিক্ত ৫ মিলিয়ন ইউরো।

সূত্র: ইত্তেফাক

মেসির সঙ্গে বিতণ্ডায় জড়ানোর পর রদ্রিগো এখন ‘রদ্রি–গোল’

লা লিগায় প্রথম ১২ ম্যাচে তাঁর গোল ছিল মাত্র ১টি, গোলে সহায়তাও ছিল ১টি। সব মিলিয়ে মাত্র ২ গোলে অবদান রাখায় বেশ চাপেই ছিলেন রদ্রিগো। চ্যাম্পিয়নস লিগেও প্রথম দুই ম্যাচে ছিল না কোনো গোল কিংবা গোলে সহায়তা।

সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁকে নিয়ে ট্রলও (হাস্যরস) চলছিল অনেক। কিন্তু সেই চাপ কাটিয়ে রদ্রিগো এখন রীতিমতো উড়তে শুরু করেছেন।

লা লিগায় শেষ ৩ ম্যাচে তাঁর গোলসংখ্যা ৫ এবং সহায়তা আছে আরও ৩ গোলে। আর সব মিলিয়ে শেষ ৫ ম্যাচে ৭ গোল ও ৪ সহায়তা। শুধু গোল করা কিংবা করানোতেই নয়, ম্যাচে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠাতেও দারুণ

ভূমিকা রাখছেন রদ্রিগো। পাশাপাশি তাঁর করা গোলগুলোও যেন নান্দনিকতায় ভরপুর।

সর্বশেষ গতকাল রাতে গ্রানাডার বিপক্ষে ২-০ গোলে জয়ের রাতেও এক গোল এসেছে রদ্রিগোর পা থেকে।

দুরন্ত রদ্রিগোর জোড়া গোলে শীর্ষে রিয়াল মাদ্রিদ
কদিন আগে জাতীয় দলের হয়ে খেলতে গিয়ে বিতর্কে জড়িয়েছিলেন রদ্রিগো। ব্রাজিল-আর্জেন্টিনার উত্তপ্ত লড়াইয়ে লিওনেল মেসির সঙ্গে বিতণ্ডায় জড়িয়ে পড়েন রদ্রিগো। এমনকি এ ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যমে বর্ণবাদী আক্রমণেরও শিকার হন এই ব্রাজিলিয়ান।

এসব ঘটনা যেন আরও তাতিয়ে দিয়েছে রদ্রিগোকে। আন্তর্জাতিক বিরতি থেকে ফেরার পর রীতিমতো অপ্রতিরোধ্য গতিতে ছুটছেন এই উইঙ্গার।

আন্তর্জাতিক বিরতি থেকে ফিরে সব প্রতিযোগিতা মিলিয়ে ৩ ম্যাচে রদ্রিগো গোল করেছেন ৪টি, আর গোলে সহায়তা করেছেন ১টি। এর মধ্যে একাধিক গোল বেশ দৃষ্টিনন্দনও বটে। এমন পারফরম্যান্সের কারণে সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁকে নিয়ে চলমান বিতর্কের ধারাও যেন উল্টো দিকে ঘুরে গেছে।

গতকাল রাতে গোল উদ্যাপনের ছবি ইনস্টাগ্রামে পোস্ট করার পর সতীর্থরা তাঁকে সেখানে ‘রদ্রি-গোল’ তকমা দিয়েছেন। আন্তেনিও রুডিগার লিখেছেন, ‘রদ্রি-গোল’ আর জুড বেলিংহাম লিখেছেন, ‘থেমে যেয়ো না রদ্রি-গোল।’

গোলের পর রদ্রিগো
গ্রানাডা ম্যাচের পর তাঁকে প্রশংসায় ভাসিয়েছেন রিয়াল কোচ কার্লো আনচেলত্তিও। তিনি বলেছেন, ‘রদ্রিগো দারুণ। ও সেরা ছন্দে ফিরে এসেছে। অনেক গোল করছে।

আজ প্রমাণ করেছে যে ও শুধু বাঁ প্রান্ত দিয়েই গোল করে না। মাঝামাঝি বা ডান প্রান্ত থেকেও গোল করতে পারে। দ্বিতীয়ার্ধে আমি ওকে ডান প্রান্তেই বেশি খেলিয়েছি। আমি ভেবেছি এতে রদ্রিগো আরও বেশি জায়গা পাবে। আর কাজটা ও করেও দেখাতে পেরেছে।’

কিউইদের হারিয়ে টেস্ট চ্যাম্পিয়ানে যাত্রা শুরু বাংলাদেশের

নিউজিল্যান্ডের বিপক্ষে দাপুটে জয়ে ২০২৩- ২০২৫ টেস্ট চ্যাম্পিয়ানের যাত্রা শুরু বাংলাদেশ। সিলেট টেস্টে নিউজিল্যান্ডকে ১৫০ রানে হারিয়ে এই যাত্রা শুরু হয়েছে। শেষ দিনে জয়ের জন্য বাংলাদেশের প্রয়োজন ছিল ৩ উইকেট। প্রথম সেশনেই নাঈম আর তাইজুল এই তিনটি উইকেট তুলে নিয়ে বাংলাদেশের জয় নিশ্চিত করে। ১০ উইকেট নিয়ে ম্যাচসেরার পুরষ্কার হাতে নিয়েছেন তাইজুল।

গতকাল বাংলাদেশের দেওয়া ৩৩২ রানের টার্গেটে সেই লক্ষ্য ব্যাট করতে নেমে শুরতেই চাপে পড়ে কিউইরা।তাইজুলের ঘূর্ণিতে নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে চাপ সামাল দিতে ব্যর্থ হয় নিউজিল্যান্ড। ৭ উইকেট হারিয়ে ১১৩ রান সংগ্রহ করে চতুর্থ দিন শেষ করেছিল নিউজিল্যান্ড।

নিউজিল্যান্ডের লড়াইয়ের শেষ আশা হয়ে ছিল ৪৪ রানে অপরাজিত ড্যারিল মিচেল। সকালে মিচেল তার টেস্ট ক্যারিয়ারের ৯ম ফিফটি তুলে নেয়। ১২০ বলে ৫৮ রান করে নাঈম হাসানের বলে সুইপ করতে গিয়ে তাইজুলের হাতে ধরা পরেন এই ব্যাটার। এরপর মাঠে এসে পাল্টা আক্রমন করে নিউজিল্যান্ডের অধিনায়ক টিম সাউদি। তাইজুলের বলে আউট হওয়ার আগে আক্রমণাত্বক ব্যাটিংয়ে ২ ছক্বা ও ১ চারে ২৪ বলে ৩৪ রান করেন সাউদি।

শেষ ব্যাটার হিসেবে আউট হন অনেকক্ষণ ধরে প্রতিরোধ গড়ে রাখা ইশ সোধি। তিনি ৯১ বলে ২২ রান করে তাইজুলের শিকার হন। ১৮১ রানে শেষ হয় নিউজিল্যান্ড এর দ্বিতীয় ইনিংস।

ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিপক্ষে এ নিয়ে ৭ম টেস্ট খেলল বাংলাদেশ। ৩ হার ও ৩ ড্রয়ের পর ঘরের মাঠে কিউইদের বিপক্ষে এই প্রথম টেস্ট জিতল বাংলাদেশ। আর তাতে দারুণ অবদান বাঁহাতি স্পিনার তাইজুল ইসলামের। নিউজিল্যান্ডের দুই ইনিংস মিলিয়ে মোট ১০ উইকেট নিলেন তিনি। সাকিব আল হাসান ও মেহেদী হাসান মিরাজের পর বাংলাদেশের তৃতীয় বোলার হিসেবে টেস্টে দ্বিতীয়বারের মতো এক ম্যাচে ১০ উইকেট নিলেন তাইজুল। ২০১৮ সালে টেস্টে প্রথমবারের মতো

তাইজুল ১০ উইকেট নিয়েছিলেন এই সিলেটেই! নিউজিল্যান্ডের প্রথম ইনিংসে ১০৯ রানে ৪ উইকেট নিয়েছিলেন তাইজুল। দ্বিতীয় ইনিংসে ৭৫ রানে নিলেন ৬ উইকেট।

সিলেট টেস্ট জয়ে ব্যাটসম্যানদের কথাও বলতে হবে। বাংলাদেশের প্রথম ইনিংসে ৮৬ রানের গুরুত্বপূর্ণ এক ইনিংস খেলেন ওপেনার মাহমুদুল হাসান। দ্বিতীয় ইনিংসে হাল ধরেছিলেন তিন ব্যাটসম্যান-অধিনায়ক নাজমুল হোসেন (১০৫), মুশফিকুর রহিম (৬৭) ও মেহেদী হাসান মিরাজ (৫০*)।

সূত্র: ইত্তেফাক

বাংলাদেশের লক্ষ্য এখন ৩ উইকেট

সিলেট টেস্টে নিউজিল্যান্ডকে ৩৩২ রানের টার্গেট দিয়েছে বাংলাদেশ। সেই লক্ষ্য ব্যাট করতে নেমে শুরতেই চাপে পড়ে কিউইরা। তাইজুল ইসলামের ঘূর্ণিতে নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে চাপ সামাল দিতে ব্যর্থ হয় নিউজিল্যান্ড। ৭ উইকেট হারিয়ে ১১৩ রান সংগ্রহ করে চতুর্থ দিন শেষ করেছে সফরকারীরা। শেষ দিনে জয়ের জন্য ৩ উইকেট প্রয়োজন বাংলাদেশের।

গত বছরের জানুয়ারিতে মাউন্ট মঙ্গানুইয়ে এই কিউইদেরই টেস্টে হারানোর রোমাঞ্চের বাতাস বইতে শুরু করেছে চা–বাগানে ঘেরা সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামে। একবার তো কিউইদের নিজেদের আঙিনায় হারানো হলো। এবার ঘরের মাঠে হারানোর পালা। যেখানে ২০১৬ সালে ইংল্যান্ড ও ২০১৭ সালে অস্ট্রেলিয়াকে হারানোর পর বড় দলের বিপক্ষে কোনো জয় পায়নি বাংলাদেশ।

এবার স্মরণীয় টেস্টের অধ্যায়ে ২০২৩ সালের সিলেট টেস্টটাও জায়গা করে নেওয়ার পালা। চতুর্থ ইনিংসে ৩৩২ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে নিউজিল্যান্ড দিন শেষ করেছে ৭ উইকেটে ১১৩ রান নিয়ে। জয়ের জন্য আগামীকাল শেষ দিন বাংলাদেশের দরকার ৩ উইকেট, নিউজিল্যান্ডের ২১৯ রান।

ড্যারেল মিচেল আক্রমণাত্মক ব্যাটিংয়ে বিপদ কাটানোর চেষ্টা করেন। কিন্তু হতে দেননি আরেক স্পিনার নাঈম হাসান। গ্লেন ফিলিপসকে অফ স্টাম্পের অনেক বাইরে থেকে টার্ন করে ভেতরে আসা বলে এলবিডব্লিউর ফাঁদে ফেলেন নাঈম। আম্পায়ার আউট না দিলেও রিভিউ নিয়ে ফিলিপসকে ড্রেসিংরুমে ফেরায় বাংলাদেশ।

জয়ের জন্য বাংলাদেশের তখন দরকার আরও ৪ উইকেট। তাইজুল সংখ্যাটাকে ৩-এ নামিয়ে আনেন ৪৪তম ওভারে। ৯ রান করা কাইল জেমিসনকে আর্ম বলে এলবিডব্লিউর ফাঁদে ফেলেন তিনি। ৭ রান করা ইশ সোধিকে নিয়ে দিনের বাকি সময়টা পার করেন মিচেল। ৮৬ বল খেলে মিচেল অপরাজিত ৪৪ রানে। প্রথম ইনিংসের পর দ্বিতীয় ইনিংসেও এখন পর্যন্ত ৪ উইকেট পেয়েছেন তাইজুল ইসলাম।

এর আগে প্রথম সেশনে ৩ উইকেটে ২১২ রান করা বাংলাদেশ অলআউট হয় ৩৩৮ রানে। নাজমুলের ১০৫ রানের পর অর্ধশত করেছেন মুশফিকুর রহিম (৬৭) ও মেহেদী হাসান মিরাজ (৫০*)। নিউজিল্যান্ডকে ৩৩২ রানের লক্ষ্য দেয় বাংলাদেশ। নিউজিল্যান্ডের হয়ে সর্বোচ্চ ৪ উইকেট নিয়েছেন এজাজ প্যাটেল।

বিনান্সের প্রচারণার অভিযোগে রোনালদোর বিরুদ্ধে মামলা

বিতর্কিত ডিজিটাল মুদ্রা বিনিয়োগ প্রতিষ্ঠান (ক্রিপ্টোকারেন্সি) বিনান্সের প্রচারণার অভিযোগে যুক্তরাষ্ট্রের একটি আদালতে পর্তুগিজ সুপারস্টার ক্রিশ্চিয়ানো রোনালদোর বিরুদ্ধে মামলা করা হয়েছে। গত ২৭ নভেম্বর ফ্লোরিডার ডিস্ট্রিক্ট কোর্টে ভুক্তভোগীদের পক্ষে তিনজন বাদী এই মামলার আবেদন করেন।

এক প্রতিবেদনে এমনটি জানিয়েছে ডিজিটাল বাণিজ্য বিষয়ক আন্তর্জাতিক সংবাদমাধ্যম কয়েনটেলিগ্রাফ। প্রতিবেদনে বলা হয়, মামলা বাদীরা বলেছেন– রোনালদো অস্বীকৃত ‘বিনান্স’ প্রতিষ্ঠানের প্রচারণা, বিনিয়োগ কিংবা কাজে সহায়তা করেছেন। রোনালদোর প্রচারণায়

উদ্বুদ্ধ হয়েই ওই প্রতিষ্ঠানে বিনিয়োগ করেন বলে জানিয়েছেন তারা। যার ফলে তারা নাকি ক্ষতিগ্রস্তও হয়েছেন!

প্রতিবেদনে আরও বল হয়, পাঁচবারের ব্যালন ডি’অর জয়ী এই ফুটবল তারকার বিরুদ্ধে মামলার বাদী হয়েছেন মিখায়েল সিজমোর, মিকি ভোংদারা এবং গর্ডন লুইস। তারা সবাই বিনান্সে বিনোয়াগ করে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে দাবি করেছেন। ২০২২ সালের মাঝামাঝিতে রোনালদো তার নিজস্ব এনএফটির (নন ফাঞ্জিবল টোকেনস বা একধরনের ডিজিটাল সম্পত্তি) প্রচারণা চালাতে বিনান্সের সঙ্গে চুক্তি করেন।

সূত্র: ইত্তেফাক

ফের সেমিতে থামল আর্জেন্টিনা, ৩৮ বছর পর ফাইনালে জার্মান

ফের হতাশ হতে হলো আর্জেন্টিনাকে। আবারও ফিফা অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপের ফাইনালে যেতে ব্যর্থ হলো মেসির দেশ। এই টুর্নামেন্টে ষষ্ঠবারের মতো সেমি থেকেই বিদায় নিল তারা।

অন্যদিকে, তুমুল লড়াইয়ের ম্যাচে আর্জেন্টিনাকে টাইব্রেকারে বিদায় করে ৩৮ বছর পর এই টুর্নামেন্টের ফাইনাল খেলার টিকিট কেটেছে জার্মানি।

গতকাল ইন্দোনেশিয়ার মানাহান স্টেডিয়ামে নির্ধারিত সময়ের খেলা ৩-৩ গোলের সমতায় শেষ হয়। আর্জেন্টিনার ৩টি গোলই করেন আগুস্তিন রুবের্তো। কিন্তু শেষ পর্যন্ত বিফলেই যায় তার কীর্তি। কারণ টাইব্রেকারে জার্মানরা জয় তুলে নেয় ৪-২ গোলে।

এবারের আসরের শুরু থেকেই দারুণ ফর্ম প্রদর্শন করছে আর্জেন্টিনা। সেই ধারাবাহিকতায় সব শেষ কোয়ার্টার ফাইনালের ম্যাচে গেল আসরের চ্যাম্পিয়ন ব্রাজিলকে ৩-০ গোলে হারিয়ে সম্ভাবনা জাগিয়েছিল মেসিদের মতো শিরোপা ঘরে তোলার। তবে তাদের ভাবাচ্ছিল

সেমিফাইনাল বাধা।

কেননা এখন পর্যন্ত ফিফা বয়স ভিত্তিক এই টুর্নামেন্টে এর আগে অনুষ্ঠিত হওয়া ১৮ বারের মধ্যে কোনো বারই ফাইনাল খেলতে পারেনি তারা। উলটো পাঁচ বার সেমিফাইনাল অবদি গিয়ে সেখান থেকেই বিদায় নিয়েছে। এবার হাতছানি ছিল সেই বাধা কাটাবার। তবে বরাবরের মতো এবারও ব্যর্থ।

মঙ্গলবার ফাইনালে উঠার লড়াইয়ে ম্যাচের শুরু থেকে আক্রমণাত্মক ভাবে খেলতে থাকে আর্জেন্টিনা। ব্রাজিলের বিপক্ষে হ্যাটট্রিক করা আর্জেন্টিনার জুনিয়র মেসি খ্যাত ক্লদিও ইচেভেরি এই ম্যাচেও একাধিক বার সুযোগ পেয়েছিল দলকে এগিয়ে নিয়ে যাওয়ার। তবে সেই সুযোগগুলো কাজে লাগাতে ব্যর্থ হন তিনি।

এর মধ্যে ম্যাচের ৯ মিনিটের মাথায় আর্জেন্টিনার জালে বল জড়ান জার্মান ফরোয়ার্ড প্যারিস ব্রানার। এরপর ৩৬ মিনিটে আলবিসেলেস্তাদের সমতায় ফেরান স্ট্রাইকার আগুস্তিন রুবের্তো। বিরতিতে যাওয়ার আগে আর্জেন্টিনাকে লিডও এসে দেন তিনি। ২-১ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় আর্জেন্টিনার যুবারা।

বিরতিতে থেকে ফিরে সমতায় ফিরতে বেশি সময় নেননি জার্মান যুবারা। ম্যাচের ৫৮ মিনিটের মাথায় আবারও আলবিসেলেস্তাদের জালে বল জড়ান ব্রানার। এবার ম্যাচের ৬৮ মিনিটের মাথায় জার্মানিকে এগিয়ে নিয়ে যান ম্যাক্স ময়ের্সটেট। ৩-২ গোলে পিছিয়ে পড়েও হাল ছাড়েনি আর্জেন্টাইন যুবারা।

তাতে করে একেবারে শেষ বাঁশি বাজার আগ মুহূর্তে গোল করে আর্জেন্টিনাকে সমতায় ফেরানোর সঙ্গে নিজের হ্যাটট্রিক পূরণ করে আগুস্তিন রুবের্তো। এতে করে খেলা গড়ায় টাইব্রেকারে। আর তাতে ভাগ্য সহায় দেয়নি আলবিসেলেস্তাদের।

টাইব্রেকারে নিজের প্রথম দুই শট মিস করে ফাইনালে উঠার দৌড়ে ছিটকে যায় আর্জেন্টিনা। শেষমেশ টাইব্রেকারে ২-৪ ব্যবধানে আর্জেন্টিনার যুবাদের হারায় জার্মান যুবারা।

এই জয়ের মধ্যে দিয়ে ৩৮ বছর পর আবারও অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপের ফাইনালে উঠে জার্মানি। এর আগে ১৯৮৫ সালে প্রথমবারের মতো অয়োজন করা হয় অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপ।

সেই বার জার্মানিকে ফাইনালে হারিয়ে শিরাপা জিতেছিল নাইজেরিয়া। এরপর আর কোনো আসরে ফাইনালে উঠতে পারেনি জার্মান যুবারা।

সূত্র: ইত্তেফাক

চুয়াডাঙ্গা আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গা সরকারি কলেজের আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠ প্রাঙ্গণে এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা সরকারি কলেজ কৃষিশিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান ও আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের সভাপতি সহযোগী অধ্যাপক রুহুল আমিন এর সভাপতিত্বে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন জয়- পরাজয় মিলেই খেলাধুলা। এটা মেনে নিয়ে এগিয়ে যাওয়ার মানসিকতা তৈরি করতে অত্যন্ত জরুরী। খেলাধুলা শারীরিক গঠন,মানসিক বিকাশ ও নেতৃত্ব গড়ে তুলতে সহায়তা করে। তাই লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা একান্তভাবে জরুরী। তিনি বিজয়ী, বিজিত ও খেলায় অংশগ্রহণকারী- সবাইকে অভিনন্দন জানান।

এ সময় তিনি আরও বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার।মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকল ছাত্র ছাত্রীদের খেলার জন্য আলাদা কিছু ভাবছে। তাই বেশি বেশি খেলার অনুশীলনী করতে হবে। যারা খেলাধুলা করেন, তাঁদের মন ভালো থাকে, তাঁরা শান্তিতে থাকেন। মাদক, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা থেকে দূরে থাকেন। এ সময় তিনি চুয়াডাঙ্গা সরকারি

কলেজ বেশি বেশি সকল প্রকার খেলাধুলা আয়োজন করার প্রত্যয় ব্যক্ত করেন এবং আগামীতে আরও বড় প্রতিসরে খেলা আয়োজনে হবে বলে জানান তিনি। পুরুষ্কার বিতরণ শেষে টুর্নামেন্ট সফল করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, রোভার স্কাউটস, রেড ক্রিসেন্ট ও বিএসিসি সদস্য সকলকে আন্তরিকতার সাথে ধন্যবাদ জ্ঞাপন করেন।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের নিজস্ব তত্বাবধানে আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু হয়।মোট চারটি গ্রুপে ১৫টি বিভাগের খেলোয়াড়দের অংশগ্রহণ টুর্নামেন্টে প্রাণবন্ত হয়ে ওঠে। ফাইনাল খেলায় চুয়াডাঙ্গা সরকারি কলেজের একাদশ- দ্বাদশ বিভাগ ও ব্যবস্থাপনা বিভাগ অংশগ্রহণ করে। নিদিষ্ট সময় শেষে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ব্যবস্থাপনা বিভাগ। খেলায় একাদশ-দ্বাদশ বিভাগকে ১ গোলে হারাই ব্যবস্থাপনা বিভাগ।

টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধাক্ষ্য ফারজানা কেতকী, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক সফিকুল ইসলাম

এ সময় আরও উপস্থিত ছিলেন, হিসাব বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আবু বক্কর সিদ্দিক, বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. আব্দুল আজিজ,সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান, সহযোগী অধ্যাপক ফরহাদ হোসেন, সহযোগী অধ্যাপক হাফিজুর রহমান, সহযোগী অধ্যাপক দেলোয়ার হোসেন, প্রভাষক ইয়াজিদ হোসেন, প্রভাষক তুষার আহমেদ,প্রভাষক আজিম হোসেন সহ চুয়াডাঙ্গা সরকারি কলেজের বিভিন্ন বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রভাষক বৃন্দ উপস্থিত ছিলেন।

প্যাটেলের স্পিনে সাজঘরে জাকির

নিউজিল্যান্ডের বিপক্ষে সিলেটে টস জিতে ব্যাটিং করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। দুই ওপেনারের ব্যাটে সতর্ক শুরু করলেও জাকিরের বিদায়ে ভেঙেছে এই জুটি।

১৩তম ওভারে কিউই স্পিনার এজাজ প্যাটেলের ঘূর্ণিতে বোল্ড হয়ে

ফেরেন জাকির। সাজঘরে ফেরার আগে ৪১ বলে ১২ রান করেন তিনি।

১৬ ওভারে ১ উইকেট হারিয়ে ৫১ রানে ব্যাট করছে বাংলাদেশ। জয় ১৯ রানে ব্যাট করছেন। ক্রিজে নতুন ব্যাটার শান্ত।

এই ম্যাচে নতুন এক ক্রিকেটারের অভিষেকও দেখছে বাংলাদেশ। সিনিয়র ক্রিকেটারদের অনুপস্থিতিতে এই টেস্টে জায়গা পাচ্ছেন শাহাদাৎ হোসেন দিপু।

দলে ওপেনার হিসেবে আছেন মাহমুদুল হাসান জয় এবং জাকির হোসেন। উইকেটরক্ষকের দায়িত্ব পালন করবেন নুরুল হাসান সোহান।

এই টেস্টে বাংলাদেশ একাদশ সাজিয়েছে একজন পেসার নিয়ে। শরীফুল ইসলামের পাশাপাশি বোলিং বিভাগ সামাল দিবেন তাইজুল ইসলাম, মেহেদি হাসান মিরাজ এবং নাঈম হাসান।

নিউজিল্যান্ড দলে বিশেষজ্ঞ স্পিনার হিসেবে আছেন ইশ সোধি এবং এজাজ প্যাটেল। দলে খুব বেশি চমক রাখা হয়নি। বোলিং বিভাগে আছেন মোট ৫ বোলার।

সোধি এবং এজাজকে সিলেটের সবুজ পিচে সঙ্গ দেবেন পার্ট টাইমার গ্লেন ফিলিপস। দলে আছে দুই পেসারও। অধিনায়ক টিম সাউদির সঙ্গে পেস বিভাগে আছেন কাইল জেমিসন।
সূত্র: যুগান্তর

আইপিএলে বাংলাদেশিদের ছেড়ে দিল ফ্র্যাঞ্চাইজিগুলো

গেল মৌসুমে আইপিএলে কলকাতা নাইট রাইডার্সের হয়ে খেলেছিলেন বাংলাদেশ দলের অধিনায়ক সাকিব আল হাসান ও লিটন কুমার দাস। নিয়ম অনুযায়ী আইপিএলে আগামী মৌসুমের জন্য খেলোয়াড় ধরে রাখার শেষ সময় ছিল গতকাল পর্যন্ত। তবে কলকাতা নাইট রাইডার্স এ দুই বাংলাদেশি খেলোয়াড়কে ধরে রাখতে কোনো আগ্রহ দেখায়নি। গত আসরে দেড় কোটি রুপিতে সাকিব আল হাসানকে দলে নিয়েছিল কলকাতা।

কিন্তু ব্যক্তিগত কারণে সেই আসরে খেলেননি টাইগার অধিনায়ক। তবে গত আসরে মাত্র একটি ম্যাচে মাঠে নামার সুযোগ পান আরেক বাংলাদেশি ক্রিকেটার লিটন কুমার দাস। তবে সেই ম্যাচে নিজের নামের প্রতি সুবিচার করতে পারেননি এই টাইগার ওপেনার। সেই ম্যাচে ব্যাট হাতে মাত্র ৪ রান করেন তিনি। এই টাইগার ওপেনারকে ৫০ লাখ রুপিতে দলে ভিড়িয়েছিল কলকাতা নাইট রাইডার্স।

শুধু সাকিব-লিটন নন! ২০২২ সালে ২ কোটি রুপি ভিত্তিমূল্য দিয়ে মোস্তাফিজুরকে দলে ভিড়িয়েছেন আইপিএলের আরেক জনপ্রিয় ফ্র্যাঞ্চাইজি দিল্লি ক্যাপিটালস। সেই আসরে ৮ ম্যাচ খেলে ৮ উইকেট শিকার করেন মোস্তাফিজুর রহমান। সর্বশেষ আসরে এই বাংলাদেশি বোলারকে ধরে রাখে দিল্লি। কিন্তু গত আসরে কেবল ২ ম্যাচে মাঠে নামার সুযোগ পান মোস্তাফিজ। সেই ২ ম্যাচে বল হাতে ১ উইকেট শিকার করেন এই টাইগার বোলার।

সূত্র: ইত্তেফাক

মালদ্বীপের ক্লাব ঢাকায়

এএফসি কাপের গ্রুপ পর্বের ফিরতি ম্যাচ খেলতে ঢাকায় এসেছে মালদ্বীপের মাজিয়া স্পোর্টস অ্যান্ড রিক্রিয়েশেন। দুই দিন আগেই এসেছে মাজিয়া। অনুশীলনও শুরু করেছে তারা। খেলা আগামীকাল। বসুন্ধরা কিংসের বিপক্ষে। কিংসের মাঠে সন্ধ্যা ৬টায় শুরু হবে খেলা। গত ১৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত এই দুই দলের প্রথম খেলায় মালদ্বীপে গিয়ে হেরে এসেছিল কিংস। ৩-১ গোলে। এবার প্রতিশোধ নিতে এসেছে মাজিয়া।

এএফসি কাপের অভিযান হার দিয়ে শুরু করেছিল বসুন্ধরা কিংস। পায়ে পায়ে বলের দখল রেখেও শেষ পর্যন্ত মালদ্বীপের মাজিয়া স্পোর্টস অ্যান্ড রিক্রিয়েশন ক্লাবের বিপক্ষে বসুন্ধরা কিংসের হারের কথা এত সহজেই ভুলে যাওয়ার কথা না। পরবর্তী রাউন্ডে খেলতে হলে মাজিয়ার বিপক্ষে ম্যাচটি কিংসের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আগের ম্যাচের দুঃস্বপ্ন ভুলে এবার ভালো ফুটবল খেলার প্রত্যয় রবসন রবিনহো, বিশ্বনাথ ঘোষদের। প্রতিশোধের নেশায় নিশ্চয় এবার মাঠে নামবেন

অস্কার ব্রুজনের দল। মাজিয়ার বিপক্ষে হারের সেই ম্যাচের পর অবশ্য বসুন্ধরা কিংস ঘরের মাঠে ওড়িশা এফসি ও মোহনবাগানের বিপক্ষে জয় পেয়েছিল।

জয়ের ধারা ধরে রাখার মিশনে আগামী সোমবার বসুন্ধরা কিংস মুখোমুখি হবে সেই মাজিয়ার। জাতীয় ফুটবল দলের ব্যস্ততা শেষে এবার আন্তর্জাতিক ক্লাবের সূচি শুরু হচ্ছে। ক্লাব ফুটবলে এএফসি কাপের অ্যাওয়ে ম্যাচ খেলতে গত শুক্রবার রাতে ঢাকায় পৌঁছেছে মালদ্বীপের মাজিয়া ক্লাব। গতকাল শনিবার বিকালে আর্মি-পুলিশ ব্যাটালিয়ন ফিল্ডে সফরকারী দল অনুশীলন করেছে। এএফসি কাপে চার ম্যাচ শেষে সমান ৭ পয়েন্ট মোহনবাগান ও বসুন্ধরা কিংসের। কিংস মোহনবাগানকে হারানোয় হেড টু হেডে টেবিলের শীর্ষে রয়েছে। বসুন্ধরা কিংস ও মোহনবাগান উভয়ই পরের দুই ম্যাচ জিতলে হেড টু হেডে এগিয়ে থাকায় কিংস পরবর্তী রাউন্ডে খেলবে।

সূত্র: ইত্তেফাক